26

দৈনিক সংবাদ

তারিখ 13 MAR 1987
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

## শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা এবং ভবিষ্যতে বিশৃংখলামূলক তৎপরতা থেকে ছাত্রদের বিরত থাকতে রাজি করাতে সক্ষম হওয়ার জন্যে সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সিণ্ডিকেটের প্রশংসা করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলা হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ক্যাম্পাস থেকে পুলিশ সরিয়ে আনা হবে এবং আইনের প্রচলিত প্রক্রিয়া অনুযায়ী গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি নিশ্চিত করা হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, এ মান্নানের নেতৃত্বে একটি শিক্ষক প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমানের সাথে বৈঠকে মিলিত হন এবং বৈঠকে ঢাকা

(শেষ পৃঃ ৪-এর ৫ঃ কঃ)

## শিক্ষা মন্ত্রণালয়

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সর্বশেষ পরিস্থিতি আলোচনা করা হয়।

সভায় বিশ্ববিদ্যালয় চত্বরে পুলিশ মোতায়েন ও গত দু'দিনের গোলযোগকে কেন্দ্র করে ছাত্রদের গ্রেফতারের বিষয়টি আলোচনা করা হয়। শিক্ষামন্ত্রী উল্লেখ করেন যে, আইন-শৃংখলা রক্ষার জন্য সেখানে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হয় এবং সেখানে তাদের উপস্থিতির প্রয়োজন অনুভূত না হলে তাদেরকে সরিয়ে নেয়া হবে।

শিক্ষামন্ত্রী প্রতিনিধি দলকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার যথাযথ পরিবেশ বজায় রাখার ব্যাপারে রাষ্ট্রপতি এরশাদ ও তার সরকারের আগ্রহ এবং উদ্বেগের কথা অবহিত করেন।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শিক্ষামন্ত্রী ও প্রতিনিধিদলের সদস্যরা এ ব্যাপারে একমত হন যে, একশ্রেণীর ছাত্রদের দ্বারা ক্যাম্পাসে বেআইনী কার্যকলাপ, দাঙ্গাহাঙ্গামা অথবা বিশৃংখলা সৃষ্টি দুর্ভাগ্যজনক, অপ্রত্যাশিত এবং শিক্ষার পরিবেশ তথা গোটা ছাত্রসমাজের জন্যে ক্ষতিকর। তারা আরও একমত হন যে, বহিরাগত, অছাত্র ও অস্ত্রধারীরা যাতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নষ্ট না করতে পারে তার জন্যে সব রকম ব্যবস্থা নিতে হবে। প্রতিনিধি দল বিশ্ববিদ্যালয় চত্বর থেকে পুলিশ বাহিনী অপসারণ ও গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তিদানের ব্যাপারে সরকারকে অনুরোধ করার জন্যে শিক্ষামন্ত্রীর প্রতি আহ্বান জানান। খবর বাসস'র।